# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৯৮৪

২০/ (আল্লাহর পথে) জিহাদ

পরিচ্ছেদঃ জিহাদ ওয়াজেব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

আরবী

وَعَن السَّائِبِ بن يَزِيدَ قَالَ : لَمَّا قَدِمَ النَّبِيُّ ﷺ مِنْ غَزْوَةِ تَبُوكَ تَلَقَّاهُ النَّاسُ فَتَلَقّيتُهُ مَعَ الصِّبْيَانِ عَلَى ثَنِيَّةِ الوَدَاعِ رواه أَبُو داود بإسنادٍ صحيح بهذا اللفظ ورواه البخاري قَالَ: ذَهَبنا نَتَلَقَّى رَسُولَ اللهِ ﷺ مَعَ الصِّبْيَانِ إِلَى ثَنِيَّةِ الوَدَاعِ

বাংলা

(১৯৮৪) সায়েব ইবনে ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, ’’যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবূক অভিযান হতে ফিরে এলেন, তখন তাঁকে (আবাল-বৃদ্ধ-বণিতা সকল) মানুষ স্বাগত জ্ঞাপন করেছিল। আমিও ছোট শিশুদের সাথে (মদীনার উপকণ্ঠে অবস্থিত) ’সানিয়াতুল অদা’ নামক স্থানে তাঁকে স্বাগত জানিয়েছিলাম।’’ (আবূ দাউদ ২৭৮১, উক্ত শব্দে শুদ্ধ সানাদে)

বুখারীতে আছে, সায়েব (রাঃ) বলেন, ’’আমরা ছোট ছোট ছেলেদের সঙ্গে ’সানিয়াতুল অদা’ নামক স্থানে তাঁকে অভ্যর্থনা জানানোর উদ্দেশ্যে গিয়েছিলাম।’’ (বুখারী ৩০৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65732

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন